# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৬৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য “কেননা সে একটা শয়তান” এর দ্বারা উদ্দেশ্য হলো তার সাথে শয়তান রয়েছে, যার উপর প্রমাণ করে তার এই কাজ; এটা উদ্দেশ্য নয় যে, মুসলিম ব্যক্তি শয়তান হয়ে যায়

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (فَإِنَّمَا هُوَ شَيْطَانٌ) أَرَادَ بِهِ أَنَّ مَعَهُ شَيْطَانًا يَدُلُّهُ عَلَى ذَلِكَ الْفِعْلِ لَا أَنَّ الْمَرْءَ الْمُسْلِمَ يَكُونُ شَيْطَانًا

আরবী

2363 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرٍ الْحَنَفِيُّ قَالَ: حَدَّثَنَا الضَّحَّاكُ بْنُ عُثْمَانَ قَالَ: حَدَّثَنِي صَدَقَةُ بْنُ يَسَارٍ قَالَ: سَمِعْتُ ابْنَ عُمَرَ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا تُصَلُّوا إِلَّا إِلَى سُتْرَةٍ وَلَا يَدَعْ أَحَدًا يمرُّ بَيْنَ يَدَيْهِ فإن أبى فليقاتله فإِنَّ مَعَهُ القرين)
الراوي : ابْنَ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2363 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صفة الصلاة)) (ص 82).

বাংলা

২৩৬৩. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “সুতরা সামনে রাখা ছাড়া সালাত আদায় করবে না। আর এমন কাউকে ছাড় দিবে না, যে তোমার সামনে দিয়ে অতিক্রম করতে চায়। যদি সে অস্বীকৃতি জানায় তবে তার সাথে লড়াই করবে। কেননা তার সাথে শয়তান সঙ্গী রয়েছে।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৮০০; সহীহ মুসলিম: ৫০৬; সুনান বাইহাকী: ২/২৬৮।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সিফাতুস সালাহ: ৮২ পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91684

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন